



ম্যানুয়েলি গ্যাস-ফায়ার ক্যাটারিং যন্ত্রপাতি জ্বালানো সংক্রান্ত সতর্কতা

ভূমিকা

ক্যাটারিং শিট নং 3

এই ইনফরমেশন শিট ব্যবসা ও পেশাগত এসোসিয়েশন, ইউনিয়ন এবং নির্বাহী কর্তৃপক্ষ সমন্বয়ে গঠিত হেল্থ এন্ড সেইফটি সংক্রান্ত ক্যাটারিং লিয়াজোর্জ কমিটির দ্বারা উপস্থাপন করা হয়েছে। এটাও আশা করা হয়েছে যে, এই শিট বা প্রতিবদন মেম্বার এসোসিয়েশনের মাধ্যমে এবং অন্যান্য উপায়ে ক্যাটারিং প্রতিষ্ঠানগুলোতে পুনঃউপস্থাপন করা হবে। এই পথনির্দেশক হেল্থ এন্ড সেইফটি একজিকিউটিভ দ্বারা প্রকাশিত।

সারসংক্ষেপ

এই ইনফরমেশন শিটে ক্যাটারারদেরকে জানানো হচ্ছে যে গ্যাস ব্যবহৃত আগুনের যন্ত্রপাতি বিশেষ করে ওভেনে হাত দিয়ে আগুন জ্বালানোর সময় অধিক সংখ্যক দুর্ঘটনা ঘটছে। ইউরোপিয়ান ডাইরেক্টিভস্-এর আদেশ অনুযায়ী এই দুর্ঘটনাগুলো প্রতিরোধের জন্য বর্ণিত মান অনুযায়ী নিরাপদ যন্ত্র সংযোগ করতে হবে। এই গাইডেন্সে ক্যাটারারদেরকে পুরাতন যন্ত্রপাতির ঝুঁকি নির্ণয় করা এবং ঐ ধরনের ওভেন ও একই ধরনের যন্ত্রপাতির ক্ষেত্রে কমিটির সুপারিস মেনে চলার জন্য বা হচ্ছে।

সুপারিশমালা

এই সুপারিশগুলো ওভেন এবং এই ধরনের বন্ধ অংশগুলোর ক্ষেত্রে সীমিত করা হয়েছে, যেখানে সবচেয়ে বেশি ঝুঁকি পাওয়া গেছে। ইহা মেনে নেবার জন্য ক্যাটারাদের অবশ্যই নিজেই ঝুঁকি নির্ণয় এবং রেটো ফিটিং-এর জন্য কাজের প্রোগ্রাম ঠিক করা ও ফ্লেইম ফেইলার নিরাপত্তাব্যবস্থা বা নতুন যন্ত্রপাতির দ্বারা ধারাবাহিক পুরাতন যন্ত্রপাতির বদল করতে হবে, যাতে একই ধরনের অংশগুলো রয়েছে। আইনগত এ্যাকশন-এর সম্ভাবনা এড়ানোর জন্য আপনাকে নিম্নোক্ত বিষয়গুলো মেনে চলতে হবে :

- ক্যাটারিং যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে কাজের সেইফ সিস্টেমের উপর ট্রেনিং এবং নির্দেশ দিতে ও সঠিক তত্ত্বাবধান করতে হবে;
- যুক্তিগতভাবে ব্যবহারযোগ্য পুরাতন যন্ত্রপাতিতে ফ্লেইম ফেইলার ডিভাইস লাগাবে যাতে এধরনের কোন অংশ নেই। এই ফ্লেইম ফেইলার সেইফগার্ডের নকশা উক্ত যন্ত্রের নির্মাতা দ্বারা অনুমোদিত হতে হবে;
- যদি এই ধরনের ফ্লেইলার ডিভাইস লাগানো যুক্তিগতভাবে ব্যবহারযোগ্য না হয় তবে যে সকল যন্ত্রে ফ্লেইম ফেইলার ডিভাইস যুক্ত আছে তা দ্বারা উক্ত যন্ত্র ধীরে ধীরে বদলানোর জন্য কাজের নির্দিষ্ট পরিকল্পনা স্থাপন করাতে হবে। ইতোমধ্যে, ইহা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে নিরাপদভাবে কাজ করার জন্য স্টাফকে ট্রেনিং দেয়া এবং তত্ত্বাবধান করা;
- প্রস্তুতকারকের নির্দেশ অনুযায়ী নিয়মিত যন্ত্রপাতির সার্ভিস করানো এবং নিরাপদজনক কাজের পদ্ধতি।

সেকেন্ড-হ্যান্ড যন্ত্রপাতির সরবরাহকারীর দায়িত্ব হচ্ছে সরবরাহের সময় এই ধরনের যন্ত্রপাতি যুক্তিগতভাবে ব্যবহারযোগ্য ও নিরাপদজনক হিসেবে নিশ্চিত করা। এই ধরনের সেকেন্ড-হ্যান্ড যন্ত্রপাতির ক্রেতাকে পরামর্শ করা হচ্ছে যে ইহা উক্ত সুপারিশমালা মানছে কিনা নিশ্চিত করা।

পটভূমি

1988-1991 সালের এইচএসই পরিদর্শকের তদন্ত অনুযায়ী আগুন এবং বিস্ফোরন জড়িত দুর্ঘটনার পরিসংখ্যানে দেখা গেছে গ্যাস - আগুনের ক্যাটারিং যন্ত্রপাতিতে হাত দিয়ে আগুন জ্বালানোর সময় উপলব্ধি করার মত সংখ্যক ঘটনা (130) ঘটেছে। এই ঘটনাগুলোর একটি বিশেষ অংশ (52) ওভেন জড়িত এবং এগুলির অধিকাংশ হচ্ছে স্কুল ও হাসপাতালের কিচেনে।

এই ঘটনার বেশির ভাগই, ছোট আঘাত (112) ছিল বলে বলা হয়েছে, কিন্তু হাত ও মুখে অধিকতর পোড়ার বেশ কিছু সংখ্যাও (10) ছিল।

ক্যাটারিং-এ ঘটিত সর্বমোট দুর্ঘটনার মধ্যে আগুন এবং বিস্ফোরন জড়িত দুর্ঘটনার পরিমাণ হচ্ছে মাত্র 1.6% , তার মধ্যে গ্যাস — আগুনের যন্ত্রপাতিতে হাত দিয়ে আগুন জ্বালানোর সময় ঘটেছে 80% এবং ইহা বিশেষ মনোযোগ আকর্ষণ করছে।

দুর্ঘটনার মূল কারণ ছিল গ্যাস ছাড়া ও জ্বালানীর বস্তু দিয়ে তা জ্বালানোর মধ্যে বিলম্ব। বিস্ফোরনের জন্য ইহা পর্যাপ্ত পরিমানের গ্যাস জমা করে, যেমন ওভেন।

ফ্লেইম ফেইলার সেইফগার্ডের মাধ্যমে দুর্ঘটনা প্রতিরোধ করা যায়, যেমন একটি থার্মো-ইলেকট্রিক ভালভ যেখানে গ্যাস ছাড়ার সাথে সাথে জ্বালানী বস্তু ব্যবহার করা হয়। দুর্ভাগ্যবশতঃ দুর্ঘটনার সাথে জড়িত বেশিরভাগ যন্ত্রপাতি ছিল খুবই পুরাতন এবং এর অধিকাংশ প্রস্তুত করা হয়েছিল (বিএস 5314: পার্ট 1: 1976) প্রয়োজনীয় এ ধরনের সেইফগার্ডের ব্যবস্থা ছাড়া। ব্যবহারিকভাবে এখন এধরনের সেইফগার্ড সংযুক্ত করার জন্য আকারের পরিবর্তন করা সম্ভবপর নয়। কিন্তু অবশেষে এই সমস্যার সমাধান হবে যখন পুরাতন যন্ত্রপাতিগুলো আধুনিক যন্ত্রপাতি দ্বারা বদল করা হবে যাতে এই ধরনের অংশ সংযুক্ত আছে।

এখন আধুনিক যন্ত্রপাতি এমনভাবে ডিজাইন করতে হবে, যা 1992 সালের গ্যাস এপলাইয়েন্স (সেইফটি) রেগুলেশনের দরকারি প্রয়োজনগুলি মেনে চলে, যাহা কিচেনের সকল যন্ত্রপাতিতে (যেমন সকল ক্যাটারিং যন্ত্রপাতি) ফ্লেইম ফেইলার সেইফগার্ড যুক্ত করার নির্দেশ দেয়া হয়েছে। তাছাড়া এমনও সম্ভাবনা রয়েছে যে বর্তমানে কাজে ব্যবহৃত যন্ত্রপাতিতে হেল্থ এন্ড সেইফটি এট ওয়ার্ক 1974 এক্টে এবং 1 জানুয়ারী 1997 থেকে দি প্রভিশন এন্ড ইউজ অব ওয়ার্ক ইকুইপমেন্ট রেগুলেশনস 1992 মেনে চলার জন্য হয়তো এধরনের সেইফগার্ডের প্রয়োজন হবে।

ভাল পরিকল্পনার উপর এই ইনফরমেশন শিটে বিবরণ রয়েছে যা বাধ্যতামূলক নয় কিন্তু আপনার কি করা প্রয়োজন তা বিবেচনার জন্য হয়তো ইহা আপনার জন্য সহায়ক হবে।

বিজ্ঞাপন, সত্যায়ন অথবা বানিজ্যিক উদ্দেশ্য ব্যতীত এই প্রকাশনা পুনরায় কপি করা যেতে পারে. ইহাতে যে তথ্য রয়েছে, তা বর্তমানের 2/95-এর। অনুগ্রহ করে এইচএসই -এর সূত্র হিসেবে গ্রহণ করুন।

